# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 12-05-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাত ৮-টায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতির উদ্দেশ্যে ভাষণ দেবেন।

২) সেনাবাহিনীর ডিজিএমও রাজীব ঘাই বলেছেন, অপারেশন সিন্দুরে সাফল্য এসেছে তিন বাহিনীর সমন্বয়ের ফলে।

৩) ভারত – পাকিস্তান সামরিক উত্তেজনার আবহে কালোবাজারি রুখতে আজ কলকাতা ও রাজ্যের বিভিন্ন জেলায় বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্কফোর্সের সদস্যরা পরিদর্শন করেছেন।

৪) মূর্শিদাবাদের সামশেরগঞ্জে বল ভেবে খেলতে গিয়ে আচমকা বোমা বিস্ফোরণে গুরুতর জখম দুই শিশু কন্যা।

৫) সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ যথোচিত মর্যাদায় বুদ্ধপূর্ণিমা পালিত হচ্ছে।

oooooooooooooooooooooo

পাকিস্তানের সঙ্গে সংঘাতের আবহে আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জাতির উদ্দ্যেশ্যে ভাষণ দেবেন। আকাশবাণীর সমস্ত প্রচার তরঙ্গে ওই ভাষণ সরাসরি সম্প্রচার করা হবে। সীমান্তে সংঘর্ষবিরতির মধ্যেও পাকিস্তান সেনার ধারাবাহিক হামলা ও আজ ফের দুই দেশের ডিজিএমও পর্যায়ের বৈঠকের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর এই ভাষণ তাৎপর্যপূর্ণ। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে তার বাসভবনে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশ মন্ত্রী এস জয় শংকর। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল ও চিফ অফ ডিফেন্স স্টাফ অনীল চৌহান সহ শীর্ষ কর্তাদের সঙ্গে এক উচ্চ পর্যায়ে বৈঠক করেন।

oooooooooooooooooooooo

DGAO এয়ার মার্শাল এ কে ভারতী বলেছেন,ভারতের লড়াই সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে এবং তাদের মদতদাতাদের পরিকাঠামো নষ্ট করার লক্ষ্যে। কোনোভাবেই পাকিস্তান সেনাবাহিনীর বিরুদ্ধে নয়। অথচ দুঃখের বিষয় এই যে পাক সেনাবাহিনী সন্ত্রাসবাদীদের সমর্থনে হস্তক্ষেপ করে চলেছে এবং তাদের সমর্থনে লড়াইয়ে সামিল হয়েছে।এই কারনেই ভারতীয় সেনাবাহিনীকে উপযুক্ত জবাব দিতে হয়েছে। নতুন দিল্লিতে সেনাবাহিনীর পক্ষ থেকে সংবাদ মাধ্যমকে দেওয়া বিবরণে এয়ার মার্শাল A K ভারতী,বিস্তারিত তথ্য দিয়ে জানান,অপারেশন সিন্দুরে ভারতীয় সেনা, পাকিস্তানের নাগরিক পরিকাঠামো এবং সামরিক ঘাঁটি গুলির ক্ষয়ক্ষতি কমানোর চেষ্টা চালিয়েছে।

তিনি বলেন,ভারতীয় বায়ুসেনার সমন্বিত, বিস্তারিত এবং বহুস্তরিয় প্রতিরক্ষা ব্যবস্থা রয়েছে।

(বাইট)

এয়ার মার্শাল ভারতী,ভারতের 'আকাশ' প্রতিরক্ষার প্রশংসা করে বলেন,পাকিস্তান অসংখ্য ড্রোন সহ মানবহীন ক্ষেপণাস্ত্র ছুড়লেও,প্রশিক্ষিত ভারতীয় বিমান বাহিনী তা সফলভাবে প্রতিহত করেন। এক দশকের বেশি সময় ধরে ভারত সরকার আকাশ প্রতিরক্ষা মজবুত করতে বাজেট বৃদ্ধি এবং নীতিগত সমর্থন জানায়।

ডাইরেক্টর জেনারেল অফ মিলিটারি অপারেশন লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই বলেছেন, শত্রু পক্ষের আকাশ পথে আক্রমণের আশঙ্কায় অনেক আগে থেকেই প্রস্তুতি নেওয়া হয়েছিল। এরফলে পাকিস্তানের ড্রোণ, যুদ্ধ বিমান এবং ক্ষেপণাস্ত্রকে সময় মতো রুখে দেওয়া সম্ভব হয়। তিনি আরও বলেন, ৯ এবং ১০-ই মে রাতে পাকিস্তানী বিমান বাহিনী ভারতের এয়ার ফিল্ড ও সমরাস্ত্র

রাখার জয়াগাগুলিকে নিশানা করে আক্রমণ হানে। কিন্তু ভারতের বহুস্তরীয় আকাশ সুরক্ষা ব্যবস্থাকে তারা ভেদ করতে পারেনি। ডি জি এম ও, সেনাবাহিনীকে সহযোগিতা করার জন্য বিএসএফ-এর ভুয়সী প্রশংসা করেছেন। তিনি বলেন, অপারেশন সিন্দুরের সাফল্য কোন একটি বাহিনীর কাজ নয়। তিন বাহিনীর সমন্বয়ে শত্রুর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।

(বাইট – রাজীব ঘাই)

ডিরেক্টর জেনারেল ন্যাভাল অপারেশন, ভাইস অ্যাডমিরাল এম এ প্রমোদ বলেছেন, সমস্ত দিক থেকে আঘাত প্রতিরোধ করার শক্তি নৌবাহিনীর রয়েছে। ডি জি এন ও জানিয়েছেন, নৌবাহিনী সবসময়ে নজরদারি, তল্লাশি এবং চিহ্নিতকরণের কাজ চালিয়ে যাচ্ছে। সেই সঙ্গে আকাশপথের ওপরেও তারা তীব্র দৃষ্টি রেখেছে।

oooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, মুর্শিদাবাদে হিন্দু এবং হিন্দু সংগঠনগুলির ওপর পুলিশী আক্রমণের চক্রান্ত করতে গিয়েছিলেন বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন,১১ ও ১২ই এপ্রিল মুর্শিদাবাদে হিন্দুদের উপর আক্রমণের সময় পুলিশ নিষ্ক্রিয় ছিল। তবে এখন তারা হিন্দুদের বাড়ি চিহ্নিত করে তাদের গ্রেপ্তার করছে। এর ফলে হিন্দু যুবকরা এলাকা থেকে পালিয়ে যাচ্ছে । পাশাপাশি বেলডাঙ্গাতে ভারত সেবাশ্রম সংঘের যে কার্যালয় রয়েছে সেখান থেকে পুলিশের আউট পোস্ট ও সিআই অফিস সরিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এর ফলে ভারত সেবাশ্রম সংঘের নিরাপত্তা বিঘ্নিত হবে বলে বিরোধী দলনেতার অভিযোগ। তিনি বলেন, বিজেপি এর বিরুদ্ধে আইনি পথে লড়াই ছাড়াও আন্দোলন করবে।

(বাইট – শুভেন্দু)

এর আগে বিরোধী দলনেতা বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে মহাবোধী সোসাইটিতে গিয়ে শ্রদ্ধা জানান।

oooooooooooooooooooooo

ভারত পাকিস্তান সামরিক উত্তেজনার আবহে কালোবাজারি ও কৃত্রিম মূল্যবৃদ্ধি রুখতে মুখ্যমন্ত্রীর নির্দেশের প্রেক্ষিতে বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্কফোর্সের সদস্যরা আজও কলকাতা ও জেলার বিভিন্ন বাজারে হানা দিয়েছেন। টাস্কফোর্সের সদস্যরা আজ কলকাতার উল্টোডাঙ্গায় পাইকারি বাজার পরিদর্শন করেন। শাক, সবজি, চাল ও মাছের বাজার ঘুরে তাঁরা জিনিস পত্রের দাম খতিয়ে দেখেন। কথা বলেন ক্রেতাদের সঙ্গেও। টাস্ক ফোর্সের অন্যতম সদস্য রবীন্দ্রনাথ কোলে বলেন, মুখ্যমন্ত্রীর নির্দেশ মেনে এখন থেকে কলকাতা ও জেলার প্রতিটি বাজারে প্রতিদিনই টাস্ক ফোর্সের সদস্যরা নজরদারি চালাবেন। যুদ্ধের আবহে কোনও অসাধু চক্র যেন মাথা চাড়া দিয়ে না ওঠে তা দেখা হবে।

oooooooooooooooooooooo

হাওড়ার ডোমজুড় থানার অন্তর্গত ৫৭ নম্বর বাসস্ট্যান্ডে এলাকা থেকে গতকাল বিকালে দেশ বিরোধী কার্যকলাপ ও উত্তজনা ছড়ানোর দায়ে দুই যুবককে আটক করে পুলিশ। সোশ্যাল মিডিয়ায় পাকিস্তানের পতাকা সহ বিভিন্ন পোস্ট করার কারণে তাদের ধরা হয় বলে ডোমজুড় থানার পুলিশ জানিয়েছে। জিজ্ঞাসাবাদের পর আজ তাঁদের ছেড়ে দেওয়া হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

এদিকে, সোশ্যাল মিডিয়ায় আপত্তিকর পোস্ট করায় পূর্ব বর্ধমানের দাঁইহাটের মোকামপারা থেকে গতরাতে মিলন শেখ নামে এক যুবককে পুলিশ গ্রেফতার করেছে। ধৃতকে আজ কাটোয়া আদালতে পেশ করা হলে ৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

oooooooooooooooooooo

অশান্তির আবহে ফের উত্তপ্ত হয়ে উঠল মুর্শিদাবাদের সামশেরগঞ্জ। সামশেরগঞ্জের মালঞ্চ গ্রামে বোমা বিস্ফোরণে গুরুতর জখম হয়েছে ৬ ও ১১ বছর বয়সী দুই শিশুকন্যা। জখম দুজনের নাম নুসরত জাহান (৬) ও সামিয়া সুলতানা (১১)।

বিস্ফোরণের অভিঘাতে নুসরতের বাঁ হাতের সামনের অংশ উড়ে গিয়েছে। অপর আহত শিশুর পায়ে বোমার স্প্লিন্টারের আঘাত রয়েছে। নুসরত বর্তমানে মুর্শিদাবাদে মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এলাকায় আর কোনও বোমা রয়েছে কিনা তা দেখার জন্য পুলিশের তরফ থেকে ইতিমধ্যেই বিশেষ প্রশিক্ষিত বাহিনী তল্লাশি চালাচ্ছে । ওই এলাকায় কারা বোমা রেখে গিয়েছিল পুলিশ তা খতিয়ে দেখছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সোমবার সকালে নুসরত আরও কয়েকজন বন্ধুর সঙ্গে বাড়ির কাছে খেলা করছিল। সেই সময় তারা ঝোপের মধ্যে কয়েকটি প্লাস্টিকের বল খুঁজে পায়। নুসরত বলের মতো দেখতে জিনিসটিকে তুলতে গেলে হঠাৎই সেটি প্রচন্ড শব্দে ফেটে যায়। তাতেই এই বিপত্তি। পুলিশ ঘটনাস্থল থেকে বেশ কিছু তাজা বোমা উদ্ধার করেছে।

oooooooooooooooooooo

আজ বুদ্ধ পূর্ণিমা। এরাজ্য তথা দেশজুড়ে যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে বুদ্ধ পূর্ণিমা। কলকাতার মহাবোধি সোসাইটিতে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। এই উপলক্ষে বৌদ্ধমন্দিরগুলিতে প্রার্থনা, গৌতম বুদ্ধের বাণী, আদর্শ নিয়ে আলোচনা সভা সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বুদ্ধ পূর্ণিমার পুণ্যতিথিতে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। বাংলায় বৌদ্ধ ঐতিহ্য স্মরণে ও রক্ষায় রাজ্য সরকার সব সময় সক্রিয় বলে সামাজিক মাধ্যমে জানিয়েছেন মমতা ব্যানার্জি। আজ বুদ্ধ পূর্ণিমায় পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে আদিবাসীদের বন্যপ্রানী শিকার উৎসব সেন্দ্রা পরব উপলক্ষ্যে আইন মেনে বন্যপ্রান রক্ষায় বন দপ্তর জেলাজুড়ে তিরিশটি নাকা চেকিং পয়েন্ট করা ছাড়াও পাহাড় জুড়ে প্রায় তিনশো পুলিশ কর্মী ও সাড়ে তিনশো বনকর্মীকে মোতায়েন করা হয়েছে বলে বন দপ্তর সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooooooooo

ভেজাল স্যালাইন কান্ডে মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে অসুস্থ হয়ে পড়া নাসরিন খাতুন নামে এক মহিলার মৃত্যু হল কলকাতা SSKM হাসপাতালে। গত ৮-ই জানুয়ারি মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে রিঙ্গার্স ল্যাকটেট স্যালাইন দেওয়ার ফলে  পাঁচ প্রসূতি অসুস্থ হয়ে পড়েছিলেন বলে অভিযোগ ছিল। এই ঘটনায় একজনের মৃত্যু হয়েছিল। নাসরিন সহ বাকি তিন প্রসূতিকে এস এস কে এমে নিয়ে আসা হয়। সেখানেই তাঁর চিকিৎসা চলছিল এতদিন। হাসপাতাল সূত্রে খবর, নাসরিনের ডায়ালিসিস চলছিল। গতকাল রাতে তাঁর মৃত্যু হয়।

উল্লেখ্য, মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালের ওই ঘটনায় খারাপ স্যালাইন দেওয়ার অভিযোগে শোরগোল পড়েছিল রাজ্যজুড়ে। তখনই মামণি রুইদাস নামে এক প্রসূতির মৃত্যু হয়। ঘটনায় সিআইডি তদন্তের নির্দেশ দিয়েছিল রাজ্য সরকার। ওই স্যালাইন উৎপাদনকারী সংস্থার উৎপাদন বন্ধের নির্দেশও দেওয়া হয়েছিল।

এই ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে, সার্ভিস ডক্টর্স ফোরাম। ফোরামের সাধারণ সম্পাদক ডক্টর সজল বিশ্বাস বলেছেন, রাজ্য সরকার ড্রাগ টেস্টিং ল্যাবরেটরিতে নমুনা পরীক্ষার রিপোর্ট নিজেদের ইচ্ছে মতো তৈরি করছে।

oooooooooooooooooooooo

যাত্রী চাহিদার কথা মাথায় রেখে মেট্রো রেল আগামীকাল থেকে তাদের জোকা মাঝেরহাট করিডরে চলাচলকারী ট্রেনের সংখ্যা বৃদ্ধি করছে। আপ ও ডাউনে চল্লিশটির পরিবর্তে আগামীকাল থেকে এই করিডরে সোম থেকে শুক্রবার পর্যন্ত দৈনিক সকাল ৭ টা ৫৭ মিনিট থেকে রাত ৮ টা ১৭ মিনিট পর্যন্ত ৬২টি ট্রেন চলাচল করবে বলে মেট্রো রেলের তরফে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে। শনি ও রবিবার এই করিডরে কোন ট্রেন চলাচল করবে না।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooooooooooooooooooo